

◆ সবুজ সোনা ◆ ১৬ই মে, ২০১৩ (সাত) Seven

কাপগাড়ীতে হলুদ চাষের কর্মশালা

নিজস্ব : সম্প্রতি পশ্চিম মেদিনীপুর জেলার কাপগাড়ীতে সেবানীতী কৃষি বিজ্ঞান কেন্দ্রের আলোচনা কক্ষে পশ্চিমাঞ্চলে হলুদের উৎপাদন ও গ্রামীণ শিল্প বিকাশের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক যোগসূত্রের মাধ্যমে স্বনিযুক্তির সম্ভাবনা শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনাচক্রের আর্থিক সহায়তা করে পশ্চিমবঙ্গ সরকারের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদ। প্রযুক্তিগত সহায়তা করে বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ের কৃষি গবেষণা অধিকরণের অন্তর্গত প্রকল্প অচিরাচরিত এলাকার বিজ্ঞান ভিত্তিক হলুদ চাষ ও প্রক্রিয়াকরণের কৃষি ব্যবস্থাপনা।

প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে

কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ সরকারের পশ্চিমাঞ্চল উন্নয়ন বিভাগের মন্ত্রী ডঃ সুকুমার হাঁসদা। কর্মশালায় বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত ছিলেন বিধানচন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয়ের বরিষ্ঠ অধ্যাপক ডঃ অরবিন্দ মিত্র ও ঝাড়গ্রামের আঞ্চলিক গবেষণা কেন্দ্রের বিজ্ঞানী ডঃ মিনি পাড়োয়াল। এ ছাড়াও উপস্থিত ছিলেন অধ্যাপক সমরকুমার দত্ত, নন্দিনী বসু, কৃষি বিজ্ঞান কেন্দ্রের পরিযোজনা সম্পন্নায়ক ডঃ অসীমকুমার মাইতি প্রমুখ। আলোচনাচক্রে শতাধিক কৃষক, সম্প্রসারণ কর্মী, হলুদ চাষি ও মহিলা খামারিরা অংশ গ্রহণ করেন।

আলোচনাচক্রে হলুদ চাষের সম্ভাবনা নিয়ে চাষি ও গবেষকদের মধ্যে দীর্ঘ আলোচনা ও মত বিনিময় হয়।